গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং ৫৭.২৫.০০০০.০০৫.০৪.০১৬.১৮-৩৭২ তারিখ: ১৭.১২.২০১৮খ্রি:।

বিষয়: মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-১১৬০৬/২০১৮ এর ১৬.০৯.২০১৮ খ্রি: তারিখের নির্দেশনার আলোকে নেত্রকোনা জেলার পূর্বধলা উপজেলাধীন পূর্বধলা হোসাইনিয়া ফাযিল মাদ্রাসার এবতেদায়ী জুনিয়র শিক্ষক জনাব হুমায়ুন কবির খাঁন (ইনডেক্স নং-২১২১১৭৩) এর নিয়োগ ও এমপিওভুক্তি বিধিসম্মত না হওয়ায় তাঁর নাম এমপিও শীট থেকে কর্তনের সিদ্ধান্তের বিষয়টি সংশ্লিষ্ট আদালতকে অবহিতক্রমে স্থগিতাদেশ vacate করার পদক্ষেপ গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: (১) মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং- ১১৬০৬/২০১৮ মামলার নির্দেশনা তারিখ: ১৬.০৯.২০১৮ খ্রি:।
(২) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০২৯.১৮-৫৬১ তারিখ: ০৬.০৮.২০১৮ খ্রি:।
(৩) বর্ণিত শিক্ষকের আবেদন তারিখ: ১৬.০৮.২০১৮ খ্রি:।
(৪) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৮৬.১৮-৪২২ তারিখ: ০৪.১১.২০১৮ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, নেত্রকোনা জেলার পূর্বধলা উপজেলাধীন পূর্বধলা হোসাইনিয়া ফাযিল মাদ্রাসার এবতেদায়ী জুনিয়র শিক্ষক জনাব হুমায়ুন কবির খাঁন বর্ণিত পদে ০৮.০৯.২০১৫ খ্রি: তারিখে যোগদান করে সেপ্টেম্বর/২০১৭ মাসে এমপিওভুক্ত হন মর্মে জানা যায়।

০২. সূত্রে বর্ণিত ০২ নং স্মারকের মাধ্যমে জানা যায় যে, বর্ণিত মাদ্রাসায় এবতেদায়ী জুনিয়র শিক্ষক জনাব হুমায়ুন কবির খাঁন সেপ্টেম্বর/২০১৭ মাসে এমপিওভুক্ত হলেও তাঁর নিয়োগ জালজালিয়াতির মাধ্যমে হওয়ায় প্রতিষ্ঠান কর্তৃপক্ষ কর্তৃক তাঁর অনুকূলে মাসিক বেতন ভাতাদির বিল পরিশোধ করা হচ্ছে না।

০৩. উল্লেখ্য যে, ২০১৫ সালে জুনিয়র শিক্ষক পদে জনাব হুমায়ুন কবির খাঁনের নিয়োগ প্রক্রিয়াটি সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের তদন্তের মাধ্যমে জালজালিয়াতিপূর্ণ প্রমানিত হওয়ায় এবং এ বিষয়ে অধ্যক্ষের সংশ্লিষ্টতার বিষয়টি প্রমানিত হওয়ায় পরবর্তী গভর্ণিং বডি তাঁকে (অধ্যক্ষ) সাময়িক বরখাস্ত করে।

০৪. বর্ণিত জুনিয়র শিক্ষক জনাব হুমায়ুন কবির খাঁনের নিয়োগের বিরুদ্ধে একই মাদ্রাসার সকল শিক্ষক কর্মচারী কর্তৃক অভিযোগ করা হলে উক্ত অভিযোগের প্রেক্ষিতে তদন্ত করা হয়। উক্ত তদন্ত প্রতিবেদনের মতামতের আলোকে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক সূত্রে বর্ণিত ০২ নং স্মারকের মাধ্যমে বর্ণিত জুনিয়র শিক্ষক জনাব হুমায়ুন কবির খাঁনের নাম এমপিও শীট হতে কর্তনের নিমিত্ত কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের নিকট নির্দেশনা চাওয়া হয়।

০৫. মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের উক্ত নির্দেশনামুলক পত্রকে চ্যালেঞ্জ করে বর্ণিত জুনিয়র শিক্ষক জনাব হুমায়ুন কবির খাঁন কর্তৃক মহামান্য হাইকোর্টে একটি রিট পিটিশন মামলা দায়ের করা হয় যার নং-১১৬০৬/২০১৮। উক্ত মামলায় নিম্নরুপ নির্দেশনা প্রদান করা হয়:

"Subject of disposal of the Rule Nisi let operation of the impugned Memo No. 57.25.0000.003.02.029.18-561 dated 06.08.2018 issued by the Respondent No. 02 be stayed for a period of 6 (six) months from date.

Subject to disposal of the Rule Nisi, the Respondent No. 2 is directed to dispose of the application of the petitioner dated 16.08.2018 within 15 (fifteen) days from date of receipt of the order.''

০৬. যেহেতু মহামান্য হাইকোর্টের উপরিউক্ত নির্দেশনার মাধ্যমে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক বর্ণিত শিক্ষকের এমপিও শীট হতে নাম কর্তনের নিমিত্ত ইস্যুকৃত পত্রটি ০৬ মাসের জন্য স্থগিত করা হয়েছে, সেহেতু এ বিষয়ে স্থগিতাদেশ vacate করার জন্য পদক্ষেপ গ্রহণ করা আবশ্যক।

০৭. যেহেতু এবতেদায়ী জুনিয়র শিক্ষক জনাব হুমায়ুন কবির খাঁনের নিয়োগ প্রক্রিয়াটি সঠিক ও বিধিসম্মত ছিলনা মর্মে তদন্তের মাধ্যমে প্রমানিত হয়েছে সেহেতু জনাব হুমায়ুন কবির খাঁনের নিয়োগ বাতিল বলে গণ্য। এ অবস্থায় তাঁর নাম এমপিও শীট থেকে কর্তন করার জন্য মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক টিএমইডিতে প্রেরিত সূত্রে বর্ণিত ০২ নং স্মারকটি যথার্থ ও সঠিক।

০৮. মহামান্য হাইকোর্টের নির্দেশনা মোতাবেক বর্ণিত শিক্ষক কর্তৃক ০৩ নং স্মারকের মাধ্যমে উপস্থাপিত দরখাস্তটি অনুচ্ছেদ ০৭ এ বর্ণিত মতে নিষ্পত্তি করা হলো।

০৯. এমতাবস্থায়, মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-১১৬০৬/২০১৮ এর ১৬.০৯.২০১৮ খ্রি: তারিখের নির্দেশনার আলোকে নেত্রকোনা জেলার পূর্বধলা উপজেলাধীন পূর্বধলা হোসাইনিয়া ফাযিল মাদ্রাসার এবতেদায়ী জুনিয়র শিক্ষক জনাব হুমায়ুন কবির খাঁন (ইনডেক্স নং-২১২১১৭৩) এর নিয়োগ ও এমপিওভুক্তি বিধিসম্মত না হওয়ায় তাঁর নাম এমপিও শীট থেকে কর্তনের সিদ্ধান্তের বিষয়টি সংশ্লিষ্ট আদালতকে অবহিতক্রমে উপরোক্ত স্থগিতাদেশটি vacate করার পদক্ষেপ গ্রহণ করার জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ক. ওকালতনামা-০১ ফর্দ।
খ. লেটার অফ অথরিটি-০১ ফর্দ।।
গ. রিট পিটিশনের রুলিং-০২ ফর্দ।।
ঘ. মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের পত্র -০১ফর্দ।

NA 17.12.18
নাজনীন সুলতানা
সহকারী পরিচালক (অডিট ও আইন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

বিজ্ঞ প্যানেল আইনজীবী
জনাব আব্দুল মাবুদ মাসুম, ব্যারিষ্টার এট ল, আলীগড় হাউজ, ৬ষ্ট তলা, ১৪৬ মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

অনুলিপি :
০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন (৯ম তলা), সচিবালয় লিংক রোড, ঢাকা।
০২. অফিস কপি।